তারিখ ... 19 JUN 2016 ...
পৃষ্ঠা ... ৪ ... কলাম ... ১ ...

সংবাদ



মণিরামপুর বিদ্যালয়ে কাঁটা দিয়ে ঘিরে দেয়ায় রোদে দাঁড়িয়ে প্রতিবাদ জানায় কোমলমতি শিক্ষার্থীরা —সংবাদ

# মণিরামপুরে কাঁটা ও বাঁশের বেড়া দেয়া স্কুলে ১৪৪ ধারা জারি আদালতের

মনিরুজ্জামান টিটো, মণিরামপুর (যশোর)

যশোরের মণিরামপুরে ঢাকুরিয়া কিন্ডার গার্টেন অ্যান্ড হাইস্কুল ভবন দখল করে কাঁটা ও বাঁশের বেড়া নির্মাণের ঘটনায় ওই স্থানে ১৪৪ ধারা জারি করেছে যশোরের অতিরিক্ত জেলা ম্যাজিস্ট্রেট। বিদ্যালয়ের অধ্যক্ষ হাদিউজ্জামান বাদী হয়ে আবেদন করলে আদালত তার নালিশ আমলে নিয়ে সার্বিক বিষয় পর্যালোচনা করে ১৪৪ ধারা জারি করা হয়েছে। আদেশ সূত্রে জানা যায়, বিদ্যালয়ের নালিশি সম্পিত্তি ও স্থাপনা আদালতে বিচারাধীন থাকা অবস্থায় বেদখল হওয়ার উপক্রম হওয়ায় আদালত আন্তর্বর্তীকালীন ১৪৪ ধারা আদেশ জারি করেন।

আদেশ বাস্তবায়নের জন্য মণিরামপুর থানার অফিসার ইনচার্জকে আদেশ প্রেরণ করা হয়েছে। এদিকে অধ্যক্ষ হাদিউজ্জামান জানান, ১৪৪ ধারা জারি হলেও বিদ্যালয়ে ফিরতে পারছে না শিক্ষার্থীরা। দুর্বৃত্তরা এখনও কাঁটা ও বাঁশ দিয়ে বেড়া তৈরি করে অবৈধ দখল করে রেখেছে বিদ্যালয়টি। শীঘ্রই কোমলমতি শিক্ষার্থীদের বিদ্যালয়ে প্রবেশের ব্যবস্থা গ্রহণে প্রশাসনের হস্তক্ষেপ কামনা করেছেন তিনি।

মণিরামপুর থানার ওসি বিপ্লব কুমার নাথ জানান, আদালতের আদেশ জারি করা হয়েছে। এলাকায় শান্তি বিনষ্টের চেষ্টা করলে কাউকে ছাড় দেয়া হবে না। উপজেলার ঢাকুরিয়া কিন্ডার অ্যান্ড হাই স্কুলটির জমি-জমা সংক্রান্ত বিরোধের জের ধরে গত ১২ জুন স্কুলে কাঁটা ও বাঁশের বেড়া দিয়ে ঘিরে দখল করে দুর্বৃত্তরা। এতে প্রায় দুই শতাধিক কোমলমতি শিক্ষার্থীর শিক্ষা কার্যক্রম ব্যাহত হওয়ায় চরম উদ্বিগ্নতায় রয়েছে শিক্ষার্থীসহ অভিভাবকরা। শিক্ষার্থীরা প্রতিদিন বিদ্যালয়ে এসে বেড়ার বাইরে রোদে দাঁড়িয়ে থেকে বাড়িতে ফিরে যাচ্ছে। অভিভাবক আমির হামজা জিকো জানায়, জমি-জমা নিয়ে বিরোধের কারণে শিক্ষার্থীদের জীবন নষ্ট হবে এটা দুঃখজনক।